

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)




স্মারক নং: মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৮৫/Head Teacher Training/২০১৬/৯৮৯৯

তারিখ: ২৬.৪.২০১৮ খ্রি.

বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় শিক্ষাক্রম বাস্তবায়ন বিষয়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান (বিদ্যালয়/মাদ্রাসা) প্রধানগণের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজনের প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষাক্রম বাস্তবায়ন বিষয়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ নয়টি (০৯ টি) অঞ্চলে আগামী মে ১২, ২০১৮ খ্রি. তারিখ থেকে শুরু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

১. দেশব্যাপী ০৯ টি অঞ্চলে (বিদ্যালয়/মাদ্রাসা) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের ০৬ (ছয়) দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। শুধুমাত্র শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ উল্লেখিত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করবেন। পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (বিদ্যালয়/মাদ্রাসা) শিক্ষকগণ এ প্রশিক্ষণের আওতায় আসবেন।
২. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন। পরিচালক কর্তৃক মনোনীত সেসিপের একজন কর্মকর্তা আসন্ন প্রশিক্ষণের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানদের ডাটাবেজ [সংযুক্ত ছক মোতাবেক] প্রস্তুত করবেন। বিদ্যালয়/মাদ্রাসা-র কোন প্রধান একাধিকবার প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।
৩. কর্মসূচি বাস্তবায়নের জন্য প্রতি ব্যাচে প্রতিটি ভেন্যুতে ০৫টি কক্ষ প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি কর্মসূচি পরিচালনার জন্য একটি পৃথক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে। আনুমানিক ৪০ জন অংশগ্রহণকারীর জন্য একটি কক্ষের ব্যবস্থা করতে হবে। ভেন্যু নির্বাচনে পর্যাপ্ত আলো বাতাস, প্রক্ষালন ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা ও লজিস্টিক সুবিধাকে প্রাধান্য দিতে হবে। যথাসম্ভব ০২টি ভেন্যু নির্বাচন করে আগামী ০৩ মে, ২০১৮ খ্রি. তারিখের মধ্যে ই-মেইল spsu.training2017@gmail.com ঠিকানায় পত্র প্রেরণের অনুরোধ করা হলো।
৪. প্রশিক্ষণের প্রয়োজনীয় ম্যানুয়েলসমূহ সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা এর অধিক্ষেত্রাধীন জেলা শিক্ষা অফিসার এর কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে।
৫. বর্ণিত কর্মসূচির যাবতীয় নির্দেশাবলী, প্রশিক্ষণসূচি ও মাস্টার ট্রেইনারগণের তালিকা আগামী ০৮.০৫.২০১৮ তারিখে পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল) এ প্রেরণ করা হবে (সেসিপ-এর www.sesip.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে)।



(মোঃ আবু হাইদ শেখ)

অতিরিক্ত সচিব ও

যুগ্ম প্রোগ্রাম পরিচালক

৯৫৫৩৭১২

পরিচালক


আঞ্চলিক কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল)।

স্মারক নং: মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-২৮৫/Head Teacher Training/২০১৬/৯৮৯৯

তারিখ: ২৬.৪.২০১৮ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৩. পরিচালক (মাধ্যমিক /পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. সদস্য (কারিকুলাম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৫. পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৬. উপ-পরিচালক (সকল), সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৭. উপ-পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৮. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (www.sesip.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. সংরক্ষণ নথি।



(ড. মোঃ মোরশীদুল হাসান)

সহকারী পরিচালক (প্রোগ্রাম-২)

৯৫৫৫০০৭

Office of the Zonal Director
 Directorate of Secondary & Higher Education
 Zone.....

List of the Head of the Institutions in Secondary Level

Sl.	Name	School/Madrassa	District	Upazila	M/F	Index No.	NID No.	Cell No.

Signature *Signature*